

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১৬.

তারিখ:

১৩ ফাল্গুন ১৪২৫
২৫ ফেব্রুয়ারি ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব বিজিত কুমার ভট্টাচার্য (৪০২৭), প্রাক্তন অধ্যক্ষ, (অধ্যাপক-রসায়ন), বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ এ কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে কলেজের দেড় কোটি টাকার আর্থিক অনিয়মের অভিযোগ জাতীয় দৈনিক মানবজমিন পত্রিকায় প্রকাশিত হওয়ার পরিপ্রেক্ষিতে অভিযোগের বিষয়টি সরেজমিনে তদন্ত করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণ হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, কারণ দর্শানো নোটিশটি তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হলে তিনি নোটিশের জবাব প্রদান করেন। জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগের স্বপক্ষে কোন সন্তোষজনক তথ্য উপস্থাপন করতে সক্ষম হননি।

যেহেতু, জনাব বিজিত কুমার ভট্টাচার্য এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে;

সেহেতু, জনাব বিজিত কুমার ভট্টাচার্য-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী " চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

তারিখ: ২৪.০২.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

১৩ ফাল্গুন ১৪২৫

২৫ ফেব্রুয়ারি ২০১৯


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.১৬.

তারিখ:

১১/২/১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব বিজিত কুমার ভট্টাচার্য এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, হবিগঞ্জ।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
- ১০। জনাব বিজিত কুমার ভট্টাচার্য (৪০২৭), অধ্যাপক (রসায়ন), কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।


২৫/০২/২০১৯
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩১৭৬